# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধানকার্যালয়

প্রবাসীকল্যাণভবন,

৭১-৭২, ইস্কাটনগার্ডেন রোড,ইস্কাটন,ঢাকা-১০০০।

ঋণ ও অগ্রিম বিভাগ

পরিপত্র নং-০৫/২০২৪ তারিখঃ ১৮.০৩.২০২৪

বিষয়ঃ **Supporting Post Covid-19 Small Scale Employment Creation Project (SPCSSECP) এর আওতায় ১০০ (একশত) কোটি টাকা পুনঃঅর্থায়ন (Re-Finance) ঋণ বিতরণ।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে Asian Development Bank(ADB) এর অর্থায়নে SupportingPost Covid-19 Small Scale Employment Creation Project SPCSSECP এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার গ্রহণের নিমিত্ত মাঠ পর্যায়ে ঋণ বিতরণ করার ক্ষেত্রে অত্র ব্যাংকের সিএমএসএমই ঋণ নীতিমালা-২০২২(পরিপত্র নং-১২/২০২৩ তারিখ ০৮.০৮.২০২৩) অনুসরণ করতে হবে। পরিচালনা পর্ষদের অনুষ্ঠিতব্য ২৫.০২.২০২৪ তারিখের ১১৯ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সিএমএসএমই ঋণ নীতিমালা-২০২২ এ যে নির্দেশনা উল্লেখ থাকুক না কেন নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. যে সকল অভিবাসী কর্মী ০১ জানুয়ারি ২০২০ তারিখ হতে বাংলাদেশে ফেরত এসেছেন শুধুমাত্র সে সকল প্রত্যাগত অভিবাসী কর্মী এই ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে;

২. SPCSSECP এরআওতায় একক ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা হবে ২৫.০০ লক্ষ টাকা;

৩. পুনঃঅর্থায়ন (Re-Finance) ঋণ সুদ হবে ৫.৫%এবং ত্রৈমাসিকে সুদ আরোপযোগ্য;

৪. ঋণ ও ইক্যুইটি (ব্যাংকঃ গ্রাহক) অনুপাত হবে ৮০:২০;

৫. SPCSSECP এরআওতায় শুধুমাত্র মেয়াদী ঋণ বিতরণ করতে হবে;

৬. পুনঃঅর্থায়ন (Re-Finance) ঋণ এর মেয়াদ ০৬ (ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৩ (তিন) বছর;

৭. প্রতি ০৬ মাসের সমপরিমাণ কিস্তির জন্য ০১ টি তারিখ বিহীন চেক এবং সুদসহ মোট কিস্তির সমপরিমাণের আরোও একটি চেক (অর্থ্যাৎ ঋণের মেয়াদ যদি সর্বোচ্চ ০৩ বছর হয় সেক্ষেত্রে প্রতি ০৬ মাস পর একটি চেক হিসাব করে মোট ০৬ টি এবং মোট কিস্তির সমপরিমাণ আরো০১টি চেকসহ সর্বমোট ০৭ টি তারিখ বিহীন স্বাক্ষরকরাচেক)গ্রাহকেরকাছথেকে গ্রহণ করতে হবে;

৮. SPCSSECP এরআওতায় পুনঃঅর্থায়ন (Re-Finance) ৩,০০,০০০ টাকা পর্যন্ত ঋণ বিতরণের ক্ষেত্রে বীমা বাধ্যতামূলক নয়;

৯. SPCSSECP এর আওতায় পুনঃঅর্থায়ন (Re-Finance) ঋণ বিতরণের ক্ষেত্রে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ঋণ গ্রহীতাদের সিআইবি রিপোর্ট ব্যতীত ঋণ প্রদান করা যাবে;

১০. SPCSSECP এরআওতায় পুনঃঅর্থায় ঋণসমূহ CMSME BB (Re-Finance) নামে বিবেচিত হবে। এবং কেবলমাত্র নিমোক্ত খাতে অত্র ব্যাংকে ঋণ বিতরণ করা যাবে;

ক)TL Cott Manufacturing (Re-Finance)(542)

খ)TL MICRO Trading (Re-Finance) (543)

গ)TL MICRO Manufacturing (Re-Finance) (544)

ঘ)TL MICROService (Re-Finance)(545)

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধানকার্যালয়

প্রবাসীকল্যাণভবন,

৭১-৭২, ইস্কাটনগার্ডেন রোড,ইস্কাটন,ঢাকা-১০০০।

১১. পুনঃঅর্থায়ন (Re-Finance) এর অর্থ প্রাপ্তির জন্য শাখা ব্যবস্থাপকগণ প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের নিকট ঋণ বিতরণ সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় তথ্যাবলী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পরিচালনা পর্ষদের উপরোক্ত নির্দেশনাসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে Asian Development Bank (ADB) এর অর্থায়নে Supporting Post Covid-19 Small Scale Employment Creation Project SPCSSECP এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে মাঠ পর্যায়ে ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ পরিপালন করতে হবে।

১২. অত্র ব্যংকের বিদ্যমান ঋণসমূহের চলমান ফিসমুহ অনুযায়ী SPCSSECP এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে মাঠ পর্যায়ে ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ফিসমুহ গ্রহন করতে হবে।

খ) প্রসেসিং ফিঃ ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ০.৫০% প্রসেসিং ফি (সর্বোচ্চ ১৫ হাজার টাকা) প্রদান করতে হবে। ঋণ বিতরণের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে প্রসেসিং ফি (ভ্যাটসহ) ঋণগ্রহীতার এ ব্যাংকের চলতি হিসাবে জমাপূর্বক সংশ্লিষ্ট খাতে স্থানান্তর করতে হবে। সার্ভিস চার্জ বাবদ কোন ফি আরোপ/আদায় করা যাবে না।

গ) ডকুমেন্টেশন ফিঃ ঋণগ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ০.৫০% ডকুমেন্টেশন ফি (সর্বোচ্চ ১৫ হাজার টাকা) প্রদান করতে হবে এবং ঋণ বিতরণের পূর্বে ঋণগ্রহীতার নিকট হতে ডকুমেন্টেশন ফি (ভ্যাটসহ) ঋণগ্রহীতার এ ব্যাংকের চলতি হিসাবে জমাপূর্বক সংশ্লিষ্ট খাতে স্থানান্তর করতে হবে।

ঘ) সিআইবি চার্জ (CIB Charge), স্ট্যাম্প চার্জ (Stamp Charge), এবং আইনি ও জামানত মূল্যায়ন ফি (Legal and valuation fee), সার্ভেয়ার ফি (Surveyor Fee- প্রযোজ্য ক্ষেত্রে) প্রকৃত ব্যায়ের (At actual) ভিত্তিতে আদায়যোগ্য হবে।

১৩. বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবাসী কল্যাণ ব্যাংকের অনুকূলে Asian Development Bank (ADB) এর অর্থায়নে Supporting Post Covid-19 Small Scale Employment Creation Project SPCSSECP এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে মাঠ পর্যায়ে ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণের Amortization Schedule প্রস্তুতপূর্বক ঋণ গ্রহীতার স্বাক্ষর গ্রহণপূর্বক নথিতে সংরক্ষন করতে হবে। ঋণ গ্রহীতা এবং জামিনদার উভয়ের Personal Net-worth statement গ্রহণ করতে হবে।

১৪. এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে মাঠ পর্যায়ে ঋণ বিতরণের পূর্বে নিম্নবর্ণিত চার্জ ডকুমেন্টসসমূহ গ্রহণপূর্বক ঋণ বিতরণ করতে হবে।

ক. Demand Promissory Note (D.P Note)
খ. D.P Note Delivery letter
গ. Letter of Arrangement
ঘ. Letter of Disbursement
ঙ. Letter of Hypothecation
চ. Letter of Guarantee
ছ. Memorandum of cheque
জ. Letter of Revival
ঝ. Term Loan Agreement
ঞ. Letter of Installment
ট. Letter of Disclaimer (If Necessary)
ঠ. Letter of Undertaking (Annexure A)

# প্রবাসী কল্যাণ ব্যাংক

**প্রধানকার্যালয়**

প্রবাসীকল্যাণভবন,

৭১-৭২, ইস্কাটনগার্ডেন রোড,ইস্কাটন,ঢাকা-১০০০।


১৫. বর্ণিত নির্দেশনা পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

18/3/24

(মোঃ শাহিদুর রহমান)
উপমহাব্যবস্থাপক ও
বিভাগীয় প্রধান

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।)

০২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন।)

০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য।)

০৪। বিভাগীয় প্রধান (সকল) প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস ডিপার্টমেন্ট প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। অফিস কপি।